

2018

**BENGALI ( ELECTIVE )**

Full Marks : 100

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions.

General Instructions:

- (i) Write all the answers in the Answer Script.
- (ii) Attempt Part-A Objective Questions serially.
- (iii) Attempt all parts of a question together at one place.

( PART : A – OBJECTIVE )

( Marks : 50 )

SECTION – I

( Marks : 25 )

১। সঠিক শব্দ দ্বারা শূন্যস্থান পূর্ণ কর :— (পাঁচটি) ১ × ৫ = ৫

(ক) পরদেশে \_\_\_\_\_ কুক্ষণে আচরি।

(খ) সুবর্ণ \_\_\_\_\_ আমি দেখিনি স্বপনে অতি তুঙ্গ শৃঙ্গ শিরে।

(গ) বিদ্যার \_\_\_\_\_ তুমি বিখ্যাত ভারতে।

(ঘ) সুশ্যামাঙ্গ বঙ্গ এবে \_\_\_\_\_ রত।

(ঙ) সুবলচন্দ্রের ছেলেটির নাম \_\_\_\_\_।

(চ) ‘মেঘ ও রৌদ্র’ গল্পটি \_\_\_\_\_ পরিচ্ছেদে বিভক্ত।

(ছ) ‘দত্তা’ উপন্যাসটির লেখক \_\_\_\_\_।

২। সত্য/ মিথ্যা নির্ণয় কর :— (যে কোন দশটি) ১ × ১০ = ১০

(ক) ‘চতুর্দশপদী কবিতাবলী’ মাইকেল মধুসূদনের লেখা। (সত্য/মিথ্যা)

(খ) ‘অনধিকার প্রবেশ’ গল্পটি শরৎচন্দ্রের লেখা। (সত্য/মিথ্যা)

(গ) উপমেয় ও উপমানের অভেদ কল্পনা করলে রূপক অলংকার হয়।  
(সত্য/মিথ্যা)

(ঘ) ‘ইচ্ছাপূরণ’ একটি কবিতা। (সত্য/মিথ্যা)

(ঙ) জয়কালীর দুইটি মেয়ে ছিল। (সত্য/মিথ্যা)

(চ) অলংকার চার প্রকার। (সত্য/মিথ্যা)

(ছ) ছেদ ও যতি অভিন্ন। (সত্য/মিথ্যা)

( 3 )

- (জ) বিলাসের পিতার নাম রাসবিহারী। (সত্য/মিথ্যা)
- (ঝ) ‘দত্তা’ উপন্যাসের বিজয়া সুশিক্ষিতা ও তেজস্বিনী মেয়ে। (সত্য/মিথ্যা)
- (ঞ) ‘অনুক্ষণ মনে মোর পড়ে তব কথা’  
— ‘সীতাদেবী’ কবিতার অংশ। (সত্য/মিথ্যা)
- (ট) ‘সদর ও অন্দর’ গল্পটি রবীন্দ্রনাথের লেখা। (সত্য/মিথ্যা)
- (ঠ) রানী বসন্ত কুমারীর স্বামীর নাম চিত্তরঞ্জন। (সত্য/মিথ্যা)

৩। নিম্নলিখিত যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ

২ × ৫ = ১০

- (ক) “অনুক্ষণ মনে মোর পড়ে তব কথা”— কাকে সস্বোধন করে কবি একথা বলেছেন?
- (খ) “বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে,  
কিন্তু এ স্নেহের তৃষা মিটে কার জলে?”  
— উক্তিটি কার? কোন নদের জলের কথা বলা হয়েছে?
- (গ) “হে বঙ্গ ভাঙারে তব বিবিধ রতন”— কোন কবিতার অংশ? কার লেখা?
- (ঘ) “কিন্তু অপরের ধর্মকর্মে আমি বাধা দিতে পারি না”— কার প্রতি কে একথা বলেছিল?

( 4 )

- (ঙ) বিপিনকিশোর কোন গল্পের চরিত্র? তার কি গুণ ছিল?
- (চ) মেঘ ও রৌদ্রের বৈশিষ্ট্যের সঙ্গে কাদের তুলনা করা হয়েছে?
- (ছ) “রাখাল গোরুর পাল লয়ে যায় মাঠে,  
শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।”  
— কোন ছন্দের উদাহরণ?

SECTION – II

( Marks : 25 )

৪। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাওঃ

৫ × ৫ = ২৫

- (ক) দলবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।
- (খ) অনুপ্রাস অলঙ্কার কাকে বলে? উদাহরণ দাও।
- (গ) ‘কারক’ কাকে বলে? বাংলা কারকগুলির নাম লেখ।
- (ঘ) “সুবর্ণ দেউল আমি দেখিনি স্বপনে”  
— কোন কবিতার অংশ? বক্তা কোন প্রসঙ্গে বলেছেন?
- (ঙ) “কি সাহসে সুকেশিনি, হরিল তোমারে রাক্ষস”  
— কোন কবিতার অংশ? এখানে ‘সুকেশিনি’ কে? ‘রাক্ষসই’ বা কে?
- (চ) “দোহাই ঠাকরণ, সাধ মিটিয়াছে, এখন আমরা যে যাহা ছিলাম তাহাই করিয়া দাও,”— উক্তিটি কাদের? কোন প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে?

( 5 )

(ছ) টীকা লেখঃ— (যে কোন একটি)  
মহিষমর্দিনী, বৈদেহী, রাসবিহারী, গিরিশের রানী।

( PART : B – DESCRIPTIVE )

( Marks : 50 )

৫। ‘অনধিকার প্রবেশ’—গল্প অবলম্বনে জয়কালীর চরিত্র আলোচনা কর। ১০  
অথবা

‘সদর ও অন্তর’ গল্পের মূল বক্তব্য তোমার নিজের ভাষায় লেখ।

৬। বিজয়া এক আদর্শ ও শাস্ত্র নারী—এই মন্তব্যের ভিত্তিতে বিজয়া চরিত্রের ১০  
পরিচয় দাও।  
অথবা

নরেনের চরিত্র চিত্রণ কর।

৭। ‘আশ্বিন মাস’ কবিতাটির বিষয়বস্তু বিবৃত করে কবির স্বদেশানুরাগের পরিচয় ১০  
দাও।  
অথবা

নিম্নলিখিত যে কোন একটি সনেট আলোচনা কর :—

বিজয়া দশমী, যশের মন্দির, সীতাদেবী।

৮। নিম্নলিখিত বাগ্ধারাগুলির অর্থনির্দেশ করে বাক্যরচনা কর (যে কোন পাঁচটি) : ১×৫ = ৫

অমাবস্যার চাঁদ, আকাশ কুসুম, অহি-নকুল সম্পর্ক, তাসের ঘর, চোখে সর্ষে  
ফুল দেখা, মাটির মানুষ, গোবরে পদ্মফুল।

( 6 )

৯। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :—

১৫

(ক) তোমার জীবনের লক্ষ্য।

(খ) ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য।

(গ) বিজ্ঞানের অবদান।

(ঘ) তোমার প্রিয় কবি।

★ ★ ★